



# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ

নগর ভবন, ঢাকা।

[www.dscc.gov.bd](http://www.dscc.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

## পুনঃবিজ্ঞপ্তি

সূত্র : ৪৬.২০৭.০০০.১২.০৫.২০৪.২০২২/২৯৫

তারিখ : ৭ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ  
২২ নভেম্বর ২০২৩

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকার ৮ টি অঞ্চলের (অঞ্চল-৩,৪,৫,৬,৭,৮,৯ ও ১০) চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা, কাজের গতিশীলতা ও মনোন্নয়নের লক্ষ্যে প্রতিটি অঞ্চলে ১ টি করে চিকিৎসা বর্জ্য সংগ্রহ, পরিবহন ও অপসারণ সেবা প্রদানকারী (চিবসসেপ্র) প্রতিষ্ঠান নিয়োজিত করার নিমিত্তে নিবন্ধন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। আত্রহী প্রতিষ্ঠানসমূহকে আগামী ৮ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ (২৩ নভেম্বর ২০২৩) হইতে ১৫ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ (৩০ নভেম্বর ২০২৩) এর মধ্যে প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তার দপ্তর হতে অঞ্চল ৩ হতে অঞ্চল-৫ এর ক্ষেত্রে টাঃ ১০,০০০/- (টাকা দশ হাজার মাত্র) এবং অঞ্চল-৬ হতে অঞ্চল-১০ এর ক্ষেত্রে টাঃ ৬,০০০ (টাকা ছয় হাজার মাত্র) মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন বরাবর পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা প্রদানপূর্বক আবেদনপত্র সংগ্রহ করে বাৎসরিক চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা সেবা প্রতিষ্ঠান নিবন্ধন মূল্য অঞ্চল-৩,৪ ও ৫ এর ক্ষেত্রে ২৪,০০,০০০/- (টাকা চব্বিশ লক্ষ) এবং অঞ্চল-৬,৭,৮,৯ ও ১০ এর ক্ষেত্রে ১৮,০০,০০০/- (টাকা আঠার লক্ষ) টাকার পে-অর্ডারসহ (অফেরতযোগ্য) উল্লেখিত সময়ের মধ্যে আবেদনপত্র জমা প্রদান করার অনুরোধ করা হলো। উল্লেখ্য প্রত্যেকটি অঞ্চলে ১ টি করে (চিবসসেপ্র) প্রতিষ্ঠানকে বাৎসরিক ভিত্তিতে নিবন্ধন প্রদানপূর্বক নিয়োজিত করা হবে। তবে একই প্রতিষ্ঠান একাধিক অঞ্চলে আবেদন করতে পারবে।

মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী

যুগ্মসচিব

প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

ফোন : ০২২২৩৩৫০৩৭৫